

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭১৫

৪৫/ অনুমতি প্রার্থনা (ﷺ ১ আছি عن رسول الله کتاب الاستئذان والآداب عن رسول الله পরিচ্ছেদঃ সুরইয়ানী ভাষা শিক্ষা।

باب مَا جَاءَ فِي تَعْلِيمِ السُّرْيَانِيَّةِ

## আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الزِّنَادِ، عَنْ أَبِيهِ، عَنْ خَارِجَةَ بْنِ زَيْدِ بْنِ ثَابِتٍ قَالَ أَمَرَنِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ أَتَعَلَّمَ بَنِ ثَابِتٍ، عَنْ أَبِيهِ، زَيْدِ بْنِ ثَابِتٍ قَالَ أَمَرَنِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ أَتَعَلَّمَ لَهُ كَلِمَاتِ كِتَابِ يَهُودَ . قَالَ " إِنِّي وَاللَّهِ مَا آمَنُ يَهُودَ عَلَى كِتَابٍ ". قَالَ فَمَا مَرَّ بِي نَصْفُ شَهْرٍ حَتَّى تَعَلَّمْتُهُ لَهُ قَالَ فَلَمَّا تَعَلَّمْتُهُ كَانَ إِذَا كَتَبَ إِلَى يَهُودَ كَتَبْتُ إِلَيْهِمْ وَإِذَا كَتَبُ إِلَيْهِ قَرَأْتُ لَهُ كَتَابَهُمْ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويَ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ رَوَاهُ الأَعْمَشُ عَنْ ثَابِت بْنِ عُبَيْدِ الأَنْصَارِيِّ عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ رَوَاهُ الله عليه وسلم أَنْ أَتَعَلَّمَ السُّرْيَانِيَّةَ .

#### বাংলা

২৭১৫. আলী ইবন হজর (রহঃ) ...... যায়দ ইবন ছাবিত রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্য আমাকে ইয়াহূদীদের কিতাবের ভাষা শিখতে নির্দেশ দিয়েছিলেন। তিনি বলেছিলেনঃ আমার পত্রাদির ব্যাপারে কোন ইয়াহূদীর উপর আমি আস্থা রাখতে পারি না। যায়দ রাদিয়াল্লাহু আনহু বলেনঃ অর্ধ মাস অতিবাহিত হওয়ার পূর্বেই আমি তাঁর জন্য সে ভাষা শিখে ফেললাম। তিনি আরো বলেনঃ আমার সেই ভাষা শেখার পর তিনি যখন ইয়াহূদীদের কাছে কোন কিছু লিখতেন তখন আমিই তা লিখে দিতাম। আর তারা যখন তাঁর কাছে কিছু লিখত তখন আমি তাদের লেখা তাঁকে পাঠ করে শোনাতাম। হাসান সহীহ, মিশকাত ৪৬৫৯, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭১৫ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান-সহীহ। যায়দ ইবন ছাবিত রাদিয়াল্লাহু আনহু থেকে একাধিক সূত্রে এটি বর্ণিত আছে। আর আ'মাশ (রহঃ) এটি ছাবত ইবন উবায়দ-যায়দ ইবন ছাবিত রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে সুরয়ানী ভাষা শিক্ষা করার নির্দেশ দিয়েছিলেন।

# **English**



### Narrated Zaid bin Thabit:

"The Messenger of Allah (\*\*) ordered me to learn some statements from writings of the Jews for him, and he said: 'For indeed by Allah! I do no trust the Jews with my letters.'" He said: "Half a month did not pass before I learned it, when he (\*\*) wanted to write to the Jews I would write it to them, and when they wrote to him I would read their letters to him."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38067

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন